

মুগান্ধ

প্রিন্ট: ২১ সেপ্টেম্বর ২০২৫, ০৩:২৭ পিএম


অন্যান্য

টপ-থ্রি থেকে সরে গেল ক্যামব্ৰিজ ও অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়



আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশ: ২০ সেপ্টেম্বর ২০২৫, ০৭:৪৭ পিএম



UNIVERSITY OF
CAMBRIDGE



প্রথমবারের মতো টপ-শ্রি থেকে সরে গিয়েছে বিশ্বের স্বনামধন্য অক্সফোর্ড ও ক্যাম্ব্ৰিজ বিশ্ববিদ্যালয়। যুক্তরাজ্যের দ্য টাইমস ও দ্য সানডে টাইমস গুড ইউনিভাসিটি গাইড ২০২৬-এ যৌথভাবে চতুর্থ স্থানে রয়েছে বিশ্ববিদ্যালয় দুটি। যা ৩২ বছরের ইতিহাসে প্রথমবার ঘটল।

র্যাক্সিং অনুযায়ী, টানা দ্বিতীয় বছরের মতো লঙ্ঘন স্কুল অব ইকনোমিক্স (এলএসই) প্রথম স্থান অধিকার করেছে। দ্বিতীয় স্থানে রয়েছে ইউনিভাসিটি অব সেন্ট অ্যান্ড্রুজ, আর তৃতীয় স্থানে উঠে এসেছে ডারহাম বিশ্ববিদ্যালয়।

গত বছর অক্সফোর্ড ছিল তৃতীয় এবং কেম্ব্ৰিজ চতুর্থ। ওই বছর এলএসই এক লাফে প্রথম স্থানে উঠে আসে এবং সেন্ট অ্যান্ড্রুজ দ্বিতীয় হয়।

এবারের র্যাক্সিংয়ে ডারহাম বিশ্ববিদ্যালয়কে ইয়ার ইউনিভাসিটি ২০২৬ হিসেবে ঘোষণা করা হয়েছে। প্রতিষ্ঠানটি গত বছর পঞ্চম স্থান থেকে এবার তৃতীয় স্থানে উঠে এসেছে।

দ্য টাইমস ও দ্য সানডে টাইমস ১৯৯৩ ও ১৯৯৮ সাল থেকে এই বিশ্লেষণভিত্তিক গাইড প্রকাশ করে আসছে। তবে গত সপ্তাহে প্রকাশিত দ্য গার্ডিয়ান ইউনিভাসিটি গাইড ২০২৬-এ অক্সফোর্ড প্রথম এবং কেম্ব্ৰিজ তৃতীয় স্থান ধরে রেখেছে।

সূত্র: দ্য টাইমস